

## 💵 প্রশ্নোত্তরে সহজ তাওহীদ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ তাওহীদ সম্পর্কে প্রশ্ন এবং উত্তর রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

২২: একজন মুমিনের আমল কখন বন্ধ হয়ে যায়?

কেবলমাত্র মৃত্যুর মাধ্যমে একজন মুমিনের আমল বন্ধ হয়ে যায়। মহান আল্লাহ বলেন,

﴿ وَٱعابُدا رَبُّكَ حَتَّىٰ يَأَاتِيَكَ ٱلآيَقِينُ ٩٩ ﴾ [الحجر: ٩٩]

"মৃত্যু অবধি আপনি আপনার পালনকর্তার ইবাদত করুন।" হাদীসে এসেছে,

﴿إِذَا مَاتَ الْإِنْسَانُ انْقَطَعَ عَنْهُ عَمَلُهُ إِلاَّ مِنْ ثَلَاثَةٍ إِلاَّ مِنْ صَدَقَةٍ جَارِيَةٍ أَوْ عِلْمٍ يُنْتَفَعُ بِهِ أَوْ وَلَدٍ صَالِحٍ يَدْعُو لَهُ»

"মানুষ যখন মারা যায়, তখন তিনটি আমল ব্যতীত তার সমস্ত আমল বিচ্ছিন্ন হয়ে যায়ঃ ছাদাকায়ে জারিয়াহ, তার রেখে যাওয়া এমন ইলম, যদ্বারা উপকার সাধিত হয় এবং এমন সৎ সন্তান, যে তার জন্য দো'আ করে"

(মুসলিম)। তাছাড়া নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম তাঁর জীবদ্দশায় কখনই আমল পরিত্যাগ করেননি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1507

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন